## মঞ্জুরি নং-৩২

# ১৩৫- ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| পরিচালন ব্যয় | ৩৩৩,০৬,০০ | ৩৬৭,০০,০০ | ৪০৪,০০,০০ |
| উন্নয়ন ব্যয় | ২১৭৬,১৫,০০ | ২৩৪২,৯৫,০০ | ২৫২২,৭৪,০০ |
| **মোট** | **২৫০৯,২১,০০** | **২৭০৯,৯৫,০০** | **২৯২৬,৭৪,০০** |
| | | | |
| আবর্তক | ১১০৮,২৪,৫০ | ১২০৬,৮১,৯২ | ১২৬৮,৩৬,১৩ |
| মূলধন | ১৪০০,৯৩,৫০ | ১৫০৩,১০,০৮ | ১৬৫৮,৩৪,৮৭ |
| আর্থিক সম্পদ | ৩,০০ | ৩,০০ | ৩,০০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **২৫০৯,২১,০০** | **২৭০৯,৯৫,০০** | **২৯২৬,৭৪,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা বিকাশের মাধ্যমে উদার ও সাম্প্রদায়িক সম্প্রীতির সার্বজনীন সমাজ প্রতিষ্ঠা।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. জাতীয় হজ ও ওমরাহ্ নীতি প্রণয়ন, হজ প্যাকেজ ঘোষণা, দ্বি-পাক্ষিক হজ চুক্তি সম্পাদন ও হজযাত্রীদের আবাসন ব্যবস্থাপনাসহ হজ ও ওমরাহ গমন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং তীর্থ ভ্রমণ, বিদেশে গমনকারী এবং বিদেশ থেকে আগত ধর্মীয় প্রতিনিধিদলকে সহায়তা সংক্রান্ত কার্যক্রম;

১.২.২. ধর্মীয় ক্ষেত্রে বিভিন্ন গবেষণা ও প্রকাশনা প্রকাশ, উন্নয়ন সাধন এবং পৃষ্ঠপোষকতা প্রদান, দাতব্য প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান;

১.২.৩. ওয়াক্ফ এস্টেট ও দেবোত্তর সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও পরিচালনা;

১.২.৪. ধর্ম এবং ধর্মীয় বিষয় সংশ্লিষ্ট আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সংলাপের আয়োজন এবং অংশগ্রহণ; বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহের সাথে যোগাযোগ, সম্পর্ক স্থাপন, সম্পর্কের উন্নয়ন, চুক্তি ও দলিল সম্পাদন, সমঝোতা এবং কনভেনশন সংক্রান্ত কার্যক্রম;

১.২.৫. বিভিন্ন ধর্মাবলম্বী শিশুদের প্রাক-প্রাথমিক ও বয়স্কদের সাক্ষর জ্ঞানসহ ধর্মীয় ও নৈতিকতা শিক্ষা প্রদান এবং জেলা ও উপজেলা পর্যায়ে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের মাধ্যমে নারী-পুরুষের সালাত আদায়সহ ইসলামিক শিক্ষা ও সংস্কৃতির বিকাশ সাধন;

১.২.৬. ধর্মীয় প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সন্ত্রাসবাদ ও জঙ্গীবাদ প্রতিরোধে সচেতনতা, ভ্রাতৃত্ববোধ, ধর্মীয় মূল্যবোধ, নৈতিকতা ও সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণ;

১.২.৭. বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও ধর্মীয় সংগঠনের নির্মাণ ও সংস্কার, অনুদান প্রদান, চাঁদ দেখাসহ বিভিন্ন ধর্মীয় উৎসব উদ্‌যাপন সংক্রান্ত কার্যক্রম; এবং

১.২.৮. মসজিদের ইমাম-মুয়াজ্জিনের প্রশিক্ষণ প্রদান, আর্থ-সামাজিক উন্নয়ন ও তাদের কল্যাণসাধন এবং যাকাত ও অনুদান প্রদানের মাধ্যমে দু:স্থ পুনর্বাসন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য এবং কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগতউদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারীঅধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ | • শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা এবং কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান<br>• ধর্মীয় ব্যক্তিত্ব/ইমামদেরকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ<br>• বিনামূল্যে ধর্মীয় পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা<br>• আন্তঃধর্মীয় সংলাপ, ওয়ার্কশপ, সেমিনার ও আলোচনা সভা আয়োজন<br>• গবেষণামূলক ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | • ইসলামিক ফাউন্ডেশন |
| | • শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান | • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট<br>• বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • বিনামূল্যে ধর্মীয় পাঠ্যপুস্তক/শিক্ষা উপকরণ সরবরাহ | • বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • বিনামূল্যে ধর্মীয় পাঠ্যপুস্তক ও শিক্ষা উপরকণ সরবরাহ করা<br>• জাতীয় ও ধর্মীয় দিবসে আলোচনা সভা ও প্রার্থনা আয়োজন<br>• ধর্মীয় ব্যক্তিদের আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ | • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট<br>• ইসলামিক ফাউন্ডেশন |
| | • ধর্মীয় নেতৃবৃন্দ/পালক-পুরোহিতগণের দক্ষতা বৃদ্ধি ও ছাত্র-যুবকদের নীতি-নৈতিকতা বিষয়ক প্রশিক্ষণ | • খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| ২. হজ ব্যবস্থাপনার উন্নয়ন | • হজ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং হজযাত্রীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ | • সচিবালয়<br>• হজ অফিস (ঢাকা এবং জেদ্দা) |
| | • হজ ও ওমরাহ এজেন্সিকে লাইসেন্স প্রদান ও নবায়ন<br>• হজযাত্রী ও হজ গাইডদের প্রশিক্ষণ<br>• হজ বিষয়ক প্রশিক্ষণ | • সচিবালয়<br>• হজ অফিস (ঢাকা) |
| ৩. ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ | • বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান | • সচিবালয় |
| | • দেশের সকল জেলা ও উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ | • ইসলামিক ফাউন্ডেশন |
| | • ওয়াকফ এস্টেট চিহ্নিতকরণ,তালিকাভূক্তকরণ, রক্ষণা-বেক্ষণ ও ডাটাবেজ প্রস্তুতকরণ<br>• ওয়াকফ এস্টেটসমূহের কার্যক্রম নিরীক্ষাকরণ<br>• অবৈধ দখলদার উচ্ছেদ | • বাংলাদেশ ওয়াকফ প্রশাসন |
| | • মন্দির ও ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়ন ও সংস্কার<br>• ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান | • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে উন্নয়ন ও সংস্কারের জন্য অনুদান প্রদান | • বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| | • খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান/গীর্জা/উপাসনালয়/কবরস্থান সংস্কার/মেরামত ও সংরক্ষণ | • খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |

| মধ্যমেয়াদি কৌশলগতউদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারীঅধিদপ্তর/সংস্থা |
| --- | --- | --- |
| ১ | ২ | ৩ |
| ৪. ধর্মীয় প্রতিষ্ঠান ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তা এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন | • দরিদ্র ও দুস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | • সচিবালয় |
| | • যাকাত সংগ্রহ এবং দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-নির্ভরশীলতায় অনুদান প্রদান<br>• প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান<br>• ধর্মীয় ব্যক্তিদের (ইমাম ও মুয়জ্জিন) আত্ম-নির্ভরশীলতায় অনুদান ও ঋণ প্রদান | • ইসলামিক ফাউন্ডেশন |
| | • দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্মনির্ভরশীলতায় অনুদান প্রদান<br>• ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান<br>• দুর্গা পূজায় আর্থিক সহায়তা প্রদান | • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

## ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

### ৩.১.১ ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রাক-প্রাথমিক শিক্ষাকেন্দ্র চালুর ফলে শিশুদের অংশগ্রহণের পাশাপাশি নারী ও পুরুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে; যা দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে মেয়ে শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা এবং পবিত্র কোরআন শিক্ষা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রের ২০%, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কেন্দ্রের ৮০% এবং প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের ৮৫% কেন্দ্র নারী শিক্ষক দ্বারা পরিচালিত হয়। সামাজিক নিরাপত্তা বিষয়ে তাঁদের সচেতনতা এবং সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধির ফলে নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। সাক্ষরতা-উত্তর ও অব্যাহত শিক্ষা কোর্সে নারীদের অগ্রাধিকার প্রদান করে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা হচ্ছে, যা সামগ্রিকভাবে নারী উন্নয়নে প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

### ৩.১.২ হজ ব্যবস্থাপনার উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে হজ ব্যবস্থাপনা ও আইটি সার্ভিসের উন্নয়নের ফলে জনগোষ্ঠীর সাময়িকভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এর ফলে দেশের যোগ্যতাসম্পন্ন দরিদ্রদের কর্মের সুযোগ বৃদ্ধি পাবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** মহিলা হজযাত্রীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধির ফলে তাদের সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন প্রতিনিধি দলে মহিলা সদস্যদের অন্তর্ভুক্ত করায় নারী উন্নয়নে প্রত্যক্ষ প্রভাব পড়বে।

### ৩.১.৩ ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ওয়াক্‌ফ এস্টেট সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের ফলে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে। সরকারিভাবে ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের সংস্কার ও মেরামতের জন্য আর্থিক অনুদান প্রদানের ফলে জনগণের ধর্মীয় আচার অনুষ্ঠান পালনের সুযোগ বৃদ্ধিসহ ধর্মীয় প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কারের জন্য স্থানীয় জনগণের উপর আর্থিক সহায়তা প্রদানের চাপ কমবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** ওয়াক্‌ফ এস্টেট ব্যবস্থাপনার উন্নয়ন কার্যক্রমের ফলে নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, তাদের আয় বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে। ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের উন্নয়নের ফলে নারীরাও পরোক্ষভাবে উপকৃত হবে।

### ৩.১.৪ ধর্মীয় প্রতিষ্ঠান ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তা এবং আর্থ-সামাজিক উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** যাকাত ফান্ডের সংগৃহীত অর্থ ও অনুদান চরম দরিদ্র এবং দুঃস্থ ব্যক্তিদেরকে আর্থিক সহায়তা হিসেবে প্রদান করে তাদেরকে আত্ম-নির্ভরশীল ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করে। যাকাত ফান্ড হতে প্রতি বছর উল্লেখযোগ্য সংখ্যক নারী ও পুরুষকে আর্থিক সাহায্য প্রদান করা হচ্ছে। এছাড়া, ইমাম মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের মাধ্যমে ইমামদের সুদমুক্ত ঋণ এবং অনুদান প্রদান করা হয়। ফলে স্ব-কর্মসংস্থানের মাধ্যমে উপকারভোগী দরিদ্র জনগোষ্ঠীর স্থায়ীভাবে দারিদ্র্য নিরসন হবে, এতে দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠা সম্ভব হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দুঃস্থ ব্যক্তিদের আত্মনির্ভরশীলতার লক্ষ্যে প্রদত্ত অনুদান ও যাকাতের অর্থ চরম দরিদ্র ও দুঃস্থ মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করতে সরাসরি ভূমিকা রাখবে। আয় বৃদ্ধির ফলে পারিবারিক ও সামাজিক ক্ষেত্রে নারীর মর্যাদা বৃদ্ধি পাবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| দারিদ্র্য নিরসন | ১০৫৮,৯৩,২৯ | ১১৬৬,৮৩,৯৫ | ১২৭৫,৫২,৭৫ |
| নারী উন্নয়ন | ৫২,৪২,৭৪ | ৬৫,১০,৫৫ | ৭১,৯৬,৪৭ |

## ৪.১ অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকারব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| ১. **শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান**<br>প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের মাধ্যমে শিশুদের উপযুক্ত করে গড়ে তুলে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার উপযোগী করার জন্য এ কার্যক্রম খুবই যুগোপযোগী। এ বিবেচনায় এ খাতকে মন্ত্রণালয়ের সর্বোচ্চ অগ্রাধিকার সম্পন্ন খাত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। | • ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ |
| ২. **ধর্মীয় ব্যক্তিত্বকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান**<br>ধর্মীয় ব্যক্তিত্বদেরকে আয়বর্ধক ও উৎপাদনশীল প্রশিক্ষণ প্রদানের ফলে আর্থ-সামাজিক কর্মকান্ডে তাঁদের সম্পৃক্ততা বাড়বে। প্রশিক্ষণপ্রাপ্ত ধর্মীয় ব্যক্তিত্ববৃন্দ জঙ্গি ও সন্ত্রাসবিরোধী কার্যক্রমসহ আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবেন। এ বিবেচনায় এ খাতকে মন্ত্রণালয়ের অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ |
| ৩. **হজ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ**<br>অনলাইনে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন, নিবন্ধন এবং ভিসা লজমেন্টের মাধ্যমে হজযাত্রীদের সেবা প্রদানসহ সুষ্ঠুভাবে হজ সম্পাদন নিশ্চিত করা হবে। হজকালীন সময়ে হজ গাইড, এজেন্সি প্রতিনিধি ও হজযাত্রীদের প্রশিক্ষণ প্রদান এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং এর অধীনে প্রণীত বিধিমালা অনুযায়ী চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ করে হজ কার্যক্রমে গতিশীলতা আনতে এ খাতকে গুরুত্ব দেয়া হয়েছে। ২০২২ সালে ৯২% হজযাত্রীদের ইমিগ্রেশন প্রক্রিয়া হযরত শাহ্জালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সম্পন্ন করা হয়েছে। ফলে হজযাত্রীদের সময় সাশ্রয় ও কষ্ট লাঘব হয়েছে। আগামিতে অনুষ্ঠিতব্য হজ মৌসুমে ১০০% হজযাত্রীদের ইমিগ্রেশন বাংলাদেশে সম্পন্ন করা হবে। যা হজযাত্রীদের হজ ও ওমরাহ্ কার্যক্রমকে আরও সহজ ও গতিশীল করবে। | • হজ ব্যবস্থাপনার উন্নয়ন |

| অগ্রাধিকারব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **৪. গবেষণা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা**<br>জনগণের নৈতিকতা ও মূল্যবোধের উন্নয়নে ধর্মীয় পুস্তকাদির প্রকাশনা এবং গবেষণার সুযোগ সৃষ্টি করার জন্য এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণ |
| **৫. মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন**<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশের প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬৪টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণের কার্যক্রম শুরু করা হয়েছে। মডেল মসজিদসমূহে ৩১,৪০০ জন মহিলাসহ প্রায় ৪.৫০ লক্ষ মুসল্লীর একসাথে নামাজ আদায়ের ব্যবস্থা, ইসলামিক সাংস্কৃতিক কার্যক্রম, দ্বীনি দাওয়াতি কার্যক্রম, হেফজখানা, গবেষণা কক্ষ, লাইব্রেরি, হজযাত্রীদের প্রশিক্ষণ, মৃতদেহ গোসলের ব্যবস্থা রয়েছে বিধায় এ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন এবং সক্ষমতা বৃদ্ধিকরণ |
| **৬. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহ এবং দুঃস্থ ব্যক্তিগণকে আত্মনির্ভরশীলতায় অনুদান প্রদান**<br>অনুদান প্রদানের মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত ও সংস্কারপূর্বক অবকাঠামোর মানোন্নয়ন করা হচ্ছে। এছাড়া, দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিগণকে তথ্যপ্রযুক্তি, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর করে শ্রম বাজারে তাদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণের প্রয়োজন রয়েছে বিধায় উক্ত কার্যক্রমে গতিশীলতা আনতে এ খাতকে গুরুত্ব দেয়া হয়েছে। | • ধর্মীয় প্রতিষ্ঠান ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তা এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন |
| **৭. দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসা সেবা প্রদান**<br>দেশের প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিগণকে চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা হবে। এ বিবেচনায় এ খাতকে গুরুত্ব দেয়া হয়েছে। | • ধর্মীয় প্রতিষ্ঠান ও দুঃস্থ ব্যক্তিদের সহায়তা এবং আর্থ-সামাজিক উন্নয়ন |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৩-২৪ হতে ২০২৫-২৬)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২২-২৩ | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| সচিবালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ২৩২৩,২২,০০ | ৪০২১,৭৩,২৩ | ২৪৯৬,৬৮,০০ | ২৬৯৩,৪৩,০০ | ২৯১১,৩৪,০০ |
| হজ্জ অফিসসমূহ | ২৯,৯২,০০ | ৩৯,০৩,৭৪ | ১২,৫৩,০০ | ১৬,৫২,০০ | ১৫,৪০,০০ |
| **সর্বমোট :** | **২৩৫৩,১৪,০০** | **৪০৬০,৭৬,৯৭** | **২৫০৯,২১,০০** | **২৭০৯,৯৫,০০** | **২৯২৬,৭৪,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২২-২৩ | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১১,২৮,৩৪ | ১০,৩৬,৪০ | ১২,২৩,৮৩ | ১৩,৩৬,৪৮ | ১৪,১৯,০৪ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ১৭,৪৪,৭৫ | ২০,৩৬,৭৬ | ১৯,৮০,৭০ | ২১,০৫,২০ | ২২,৯৬,২৫ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১,৫০,০০ | ১,৫০,০০ | ১,২৫,০০ | ১,২০,০০ | ১,৪০,০০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৪৪,০০ | ২,৬৪,০০ | ৫৭,০০ | ৬২,৫০ | ৭২,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৮৭,২৫ | ৯০,২৫ | ১,২২,৮৮ | ১,৪১,৩০ | ১,৫৪,৭৪ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৪৩,১৪,৬০ | ৪২,৫৮,৬৫ | ৪৭,৯৯,০০ | ৫৬,১৮,৮৫ | ৬৪,৮৭,৬০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ২,৫০,০০ | ২,৫০,০০ | ৩,১০,০০ | ৩,৫০,০০ | ৩,৯৫,০০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২২-২৩ | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ১৬,০০ | ১৭,৩৮ | ১৮,২৬ | ১৯,১৭ | ২০,১৩ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৫৮,৫৫ | ৩৭,৮০ | ৭৩,৯০ | ৯০,১৫ | ১,০৭,৫০ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৪১,০০ | ৪১,০০ | ৫৩,০০ | ৭৭,০০ | ৯০,০০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৯,০০,৬৫ | ৪২,৩৩,৮৪ | ১১,৭৯,৪১ | ১২,৩৮,৭০ | ১৩,০২,৭৫ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ২,০৯,৯৫ | ২,০৬,০৫ | ২,২৫,৮৫ | ২,৭৫,৬৫ | ২,৯৪,৮৫ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ১৩২,৯৪,৩৬ | ১৩০,৮৫,০৩ | ১৪৬,৫৪,৯৫ | ১৬৩,১৮,৯১ | ১৮০,৩১,১২ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ২,৫৫,১৪ | ১,৪৭,৮৬ | ২,৫৯,৫৫ | ৩,৫০,৫৯ | ৫,৪৫,২৮ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৫৫,২১,৮০ | ৫৭,২১,৮০ | ৬০,০২,১৭ | ৭৫,০৩,৫৭ | ৮৩,২৩,৮৮ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ৬৩৯,১৯,০০ | ১১৩২,৪৬,০০ | ৭৭২,৩৩,০০ | ৭৫৫,৮৫,৮৫ | ৭৪৪,৭৫,৯৯ |
| ৩৯১১ | সংরক্ষিত | ১৪৯,৯৮,০০ | ০ | ২৫,০৬,০০ | ৯৪,৮৮,০০ | ১২৬,৮০,০০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **১০৬৯,৩৩,৩৯** | **১৪৪৮,২২,৮২** | **১১০৮,২৪,৫০** | **১২০৬,৮১,৯২** | **১২৬৮,৩৬,১৩** |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ৩২,৩১,১১ | ৩১,৩৪,৫০ | ২০,০০,০০ | ৬,৭৪,৪৩ | ৪,৯০,৬৬ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৯,৩৬,৫০ | ৯,২৫,৬৫ | ২,১৭,৫০ | ৪,১৪,৫০ | ২,২৬,২০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ১২৪২,০৯,০০ | ২৫৭১,৯১,০০ | ১৩৭৮,৭৬,০০ | ১৪৯২,২১,১৫ | ১৬৫১,১৮,০১ |
| ৪৯১১ | সংরক্ষিত | ১,০০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **১২৮৩,৭৭,৬১** | **২৬১২,৫১,১৫** | **১৪০০,৯৩,৫০** | **১৫০৩,১০,০৮** | **১৬৫৮,৩৪,৮৭** |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ৩,০০ | ৩,০০ | ৩,০০ | ৩,০০ | ৩,০০ |
| | **মোট : - সম্পদ** | **৩,০০** | **৩,০০** | **৩,০০** | **৩,০০** | **৩,০০** |
| | **সর্বমোট :** | **২৩৫৩,১৪,০০** | **৪০৬০,৭৬,৯৭** | **২৫০৯,২১,০০** | **২৭০৯,৯৫,০০** | **২৯২৬,৭৪,০০** |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. *প্রাক প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার কভারেজ | ১ | সংখ্যা (লক্ষ) | ১০.২০ | ২৫.৯৮ | ১০.৫০ | ২৬.৬০ | ২৬.৬০ | ২৬.৬০ | ০ |
| ২. **প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ধর্মীয় ব্যক্তিত্বদের আর্থ-সামাজিক কর্মকান্ডে সম্পৃক্তকরণ | ১ | সংখ্যা (হাজার) | ১৪.৪০ | ২১.৭১ | ১৪.৯০ | ১৫.৯০ | ২০.০০ | ০ | ০ |
| ৩. হজ ও ওমরাহ্ পালনকারীদের সেবা প্রদান। | ২ | সংখ্যা (হাজার) | ৬০ | ৬০ | ১৩৮ | ১২৮ | ১৩৮ | ১৩৮ | ১৩৮ |
| ৪. ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান | ৩ | সংখ্যা (হাজার) | ৯.০ | ৬.৮ | ৯.৫০ | ৬.৮ | ৭.৪ | ৭.৬ | ৮.০ |
| ৫. দু:স্থ ব্যক্তিদের অনুদান | ৪ | সংখ্যা (হাজার) | ২.৭০ | ৩.০ | ২.৬৫ | ৩.০ | ৩.৫ | ৩.৬ | ৩.৭ |

* ৩-৬ বছরের শিশুর সংখ্যা ১,২৭,২৯,৪৯৯ জন। **দেশে মোট ধর্মীয় ব্যক্তিত্ব ও ইমামের সংখ্যা ২.৫০ লক্ষ জন জরিপ অনুযায়ী।

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে ই-হজ ব্যবস্থাপনা চালু করা হয় এবং সর্বপ্রথম হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ প্রণীত হয়েছে। যার ফলে হজ ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত মন্ত্রণালয়, বিভাগ ও এজেন্সিসহ অন্যান্য সরকারি সংস্থাসমূহের দায়-দায়িত্ব আইনী বিধি-বিধান দ্বারা সুস্পষ্ট হওয়ায় হজ ব্যবস্থাপনা আরও সুষ্ঠু, সুন্দর ও গতিশীল করতে সহায়ক হবে। হজ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি Online এ প্রেরণ করা হচ্ছে। SMS এর মাধ্যমে প্রাক-নিবন্ধন, নিবন্ধন, ফ্লাইট তথ্য, স্বাস্থ্য সনদ প্রাপ্তির তথ্য, প্রশিক্ষণের সময়সূচি অবহিতকরণ, কল সেন্টারের মাধ্যমে সার্বক্ষণিক হাজীগণের তথ্য সেবা প্রদান করা হয়ে থাকে। হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর সুষ্ঠু প্রয়োগ ও বাস্তবায়নের নিমিত্ত হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ প্রণয়ন করা হয়েছে। বিধিমালার আলোকে হজ কার্যক্রমের যাবতীয় বিষয়াদি সুচারুরূপে পরিচালনা করা হচ্ছে। ২০২১ সালে অনুদান বিতরণের নীতিমালা প্রণয়ন করা হয়েছে। নীতিমালার আলোকে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও দু:স্থদের মাঝে শতভাগ অনুদান G টু P পদ্ধতিতে iBAS++ সিস্টেমে সরাসরি প্রতিষ্ঠান বা ব্যক্তির ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে যা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা রাখছে। বিগত তিন অর্থবছরে (২০১৯-২০ হতে ২০২১-২২) সারাদেশে প্রায় ২৬,০০০ টি ধর্মীয় প্রতিষ্ঠান (মসজিদ, মাদ্রাসা, ঈদগাহ/কবরস্থান, মন্দির, শ্মশান, প্যাগোডা, গীর্জা ইত্যাদি) সংস্কার ও মেরামতের লক্ষ্যে ৮৪ কোটি টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া, প্রায় ৮ হাজার জন দু:স্থ ব্যক্তির আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে ১৩ কোটি টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. হজ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং হজযাত্রীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ | হজ সম্পাদন | ২ | হাজার জন | ০ | ৬০ | ১৩৮ | ১২৮ | ১৩৮ | ১৩৮ | ১৩৮ |
| | প্রতিনিধির সংখ্যা | | জন | ০ | ৩৭৪ | ৫০০ | ৫৫০ | ৫৬০ | ৫৭০ | ৬০০ |
| ২. হজ ও ওমরাহ্ এজেন্সিকে লাইসেন্স প্রদান ও নবায়ন | ইস্যু/নবায়নকৃত লাইসেন্স | ২ | সংখ্যা | ০ | ৪০০ | ৪০০ | ৩০০ | ২৫০ | ৯০০ | ৩০০ |
| ৩. হজযাত্রী ও হজ গাইডদের প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত গাইড | ২ | সংখ্যা | ০ | ৯৮ | ১৪৫ | ৩০০ | ৩২০ | ৩৩০ | ৩৪০ |
| ৪. হজ বিষয়ক প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত এজেন্সী, প্রতিনিধি ও হজযাত্রী | ২ | সংখ্যা (লক্ষ) | ০.২ | ০ | ১.২৫ | ১৩০ | ১.৩০ | ১.৩৫ | ১.৩৭ |
| ৫. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান | অনুদান প্রাপ্ত ধর্মীয় প্রতিষ্ঠান | ৩ | সংখ্যা (হাজার) | ৯.০০ | ৬.৮ | ৯.৭৫ | ৬.৮ | ৭.৪ | ৭.৬ | ৮.০ |
| ৬. দরিদ্র ও দু:স্থ ব্যক্তিদের অনুদান | অনুদান প্রাপ্ত দরিদ্র ও দু:স্থ ব্যক্তি | ৪ | সংখ্যা (হাজার) | ২.৫৫ | ৩.০ | ২.৬৫ | ৩.০ | ৩.৫ | ৩.৬ | ৩.৭ |

*পূর্বে শুধুমাত্র হজ এজেন্সিকে প্রশিক্ষণ প্রদান করা হতো। বর্তমানে সকল নিবন্ধিত হজযাত্রী, হজ গাইড এবং সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণপ্রদান করা হয়।

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৩৫০১০১ - সচিবালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ১-৫ | ৮,১২,৫৫ | ২৮,৩৬,০০ | ১৬,৩৪,৪২ | ৩১,২২,০০ | ১৮,৪২,০০ | ১৭,৫৫,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **৮,১২,৫৫** | **২৮,৩৬,০০** | **১৬,৩৪,৪২** | **৩১,২২,০০** | **১৮,৪২,০০** | **১৭,৫৫,০০** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ | ১-৫ | ০ | ৩,০০ | ৩,০০ | ৩,০০ | ৩,০০ | ৩,০০ |
| ১২০০০১৭০১ - বাংলাদেশের বাহিরে হজ বাবদ ব্যয় | ২-৫ | ৪,৩৫,৬৬ | ৬৯,১৮,০০ | ৬৯,০৫,৪২ | ৭৯,৯৮,০০ | ৯০,১৭,০০ | ১০১,৯০,০০ |
| ১২০০০২৩০১ - মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানকে মঞ্জুরি | ৫ | ৪৯,২৪,২০ | ৫৫,২৫,০০ | ৫৭,২০,০০ | ৬০,০১,০০ | ৭৫,৪১,০০ | ৮৩,৪৪,০০ |
| ১২০০০২৩০২ - হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানকে মঞ্জুরি | ৫ | ২,৩৩,৪৫ | ৩,৩৭,০০ | ৩,৩৭,০০ | ৩,৪৫,০০ | ৪,০০,০০ | ৪,৪০,০০ |
| ১২০০০২৩০৩ - বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানকে মঞ্জুরি | ৫ | ৬০,৭০ | ৬৭,০০ | ৬৭,০০ | ৭০,০০ | ৮০,০০ | ৮৫,০০ |
| ১২০০০২৩০৪ - খ্রীষ্টান ধর্মীয় প্রতিষ্ঠানকে মঞ্জুরি | ৫ | ২৫,৪০ | ৩০,০০ | ৩০,০০ | ৩২,০০ | ৩৫,০০ | ৩৯,০০ |
| ১২৭০১১২০১ - ইসলামি ফিকাহ্ একাডেমি, জেদ্দা | ১-৬ | ২৫,৩৮ | ৩০,০০ | ৩৩,০০ | ৩৩,০০ | ৩৪,০০ | ৩৫,০০ |
| ১২৭০১১৪০১ - ইসলামিক সলিডারিটি ফান্ড | ১-৬ | ১০,৬৮ | ১৬,০০ | ১৯,০০ | ১৮,০০ | ২০,০০ | ২১,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **৫৭,১৫,৪৭** | **১২৯,২৬,০০** | **১৩১,১৪,৪২** | **১৪৫,০০,০০** | **১৭১,৩০,০০** | **১৯১,৫৭,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৬৫,২৮,০২** | **১৫৭,৬২,০০** | **১৪৭,৪৮,৮৪** | **১৭৬,২২,০০** | **১৮৯,৭২,০০** | **২০৯,১২,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২১০০০১৩৫ - ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১-৫ | ০ | ১৪৯,৯৮,০০ | ০ | ২৫,০৬,০০ | ৯৪,৮৮,০০ | ১২৬,৮০,০০ |
| ২২৪২৪৭৫০০ - ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতা বৃদ্ধিকরণ প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৩) অনুমোদিত | ১-৫ | ১,৫৭,৪৮ | ১,০০ | ৩৮,৭১,০০ | ০ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **১,৫৭,৪৮** | **১৪৯,৯৯,০০** | **৩৮,৭১,০০** | **২৫,০৬,০০** | **৯৪,৮৮,০০** | **১২৬,৮০,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **১,৫৭,৪৮** | **১৪৯,৯৯,০০** | **৩৮,৭১,০০** | **২৫,০৬,০০** | **৯৪,৮৮,০০** | **১২৬,৮০,০০** |
| **মোট :** | | **৬৬,৮৫,৫০** | **৩০৭,৬১,০০** | **১৮৬,১৯,৮৪** | **২০১,২৮,০০** | **২৮৪,৬০,০০** | **৩৩৫,৯২,০০** |

## ৬.২ ইসলামিক ফাউন্ডেশন

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** বিগত ৩ বছরে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় ২৫ লক্ষ ৯২ হাজার শিশুকে প্রাক-প্রাথমিক এবং ৪৬ লক্ষ ৪১ হাজার জন শিশুকে নৈতিক ও কুরআন শিক্ষা প্রদান করা হয়েছে । ৫৭ হাজার ৬ শত জন নিরক্ষর পুরুষ ও মহিলাকে ধর্মীয় ও নৈতিকতা শিক্ষার সাথে সাথে অক্ষর জ্ঞানদানসহ ৩টি স্তরে সর্বমোট ৭২ লক্ষ ৮৮ হাজার ৬ শত জনকে শিক্ষা প্রদান করা হযেছে। ১৭৪০৭ জন ধর্মীয় ব্যক্তিকে আর্থ সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণ (নিয়মিত ইমাম রিফ্রেসার্স প্রশিক্ষণ ও ৬০ দিন ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ) প্রদান করা হয়েছে। জনগণের নৈতিক মূল্যবোধ উন্নয়নে ৫২১টি গবেষণামূলক ও ইসলামিক পুস্তক প্রকাশ করা হয়েছে। দারিদ্র্য বিমোচনে ২০০০ জন ইমাম মুয়াজ্জিনকে সুদমুক্ত ঋণ ও ১৩১১০ জনকে আর্থিক সাহায্য প্রদান এবং যাকাত ফান্ড হতে গত ৩ বছরে ৫৫৭০০ জন পুরুষ ও ৫৯৭৬০ জন মহিলাকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত ৫০টি ইসলামিক মিশন কেন্দ্র এবং হাসপাতালের মাধ্যমে ৩৮লক্ষ ৫১ হাজার ২৮৬ জন দরিদ্র পুরুষ ও মহিলাকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৪৭৯টি মিশন মক্তবের মাধ্যমে ৪৫ হাজার ৬শত ৫০জন কোমলমতি শিশু মক্তবি শিক্ষায় জ্ঞান অর্জন করেছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃতঅর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা এবং | ধর্মীয় ও নৈতিক শিক্ষাপ্রাপ্ত শিশু | ১ | হাজার জন | ২৪৩০.২০ | ২৪৩০.২০ | ২৪৩০.২০ | ২৪৩০.২০ | ২৪৩০.২০ | ২৪৩০.২০ | ২৪৩০.২০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃতঅর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান | | | | | | | | | | |
| ২. বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা | শিক্ষার্থী/উপকারভোগী | ১ | লক্ষ জন | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ |
| ৩. ধর্মীয় ব্যক্তিত্ব/ ইমামগণকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম | ১ | হাজার জন | ৫.৯৬ | ৬.৬৭ | ৬.৩০ | ৬.৩০ | ৬.৫০ | ৬.৭০ | ৬.৯০ |
| ৪. আন্ত:ধর্মীয় সংলাপ, ওয়ার্কশপ, সেমিনার ও আলোচনা সভা আয়োজন | আয়োজিত ওয়ার্কশপ, সেমিনার ও আলোচনা সভা | ১ | সংখ্যা | ৫৫৪ | ৫৮০ | ৫৬৪ | ৫৮১ | ৫৮৫ | ৫৯০ | ৫৯৫ |
| ৫. গবেষণামূলক ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | প্রকাশিত পুস্তক | ১ | সংখ্যা | ৬৫ | ১৬৫ | ৭০ | ১৬৫ | ১৭০ | ১৭৫ | ১৮০ |
| ৬. যাকাত সংগ্রহ এবং দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-নির্ভরশীলতায় অনুদান প্রদান | সংগৃহীত যাকাতের পরিমাণ | ৪ | কোটি টাকায় | ৫.৫০ | ৭.০১ | ৭.৫০ | ১০.২১ | ১২.০০ | ১৩.০০ | ১৪.০০ |
| | অনুদানপ্রাপ্ত ব্যক্তি | | হাজার জন | ৪৪.২০ | ৪০.৯১ | ৫৩.২০ | ৫৩.২০ | ৫৫.০০ | ৬০.০০ | ৭০.০০ |
| ৭. প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান | উপকারভোগী | ৪ | (হাজার জন) | ৬৫২ | ১২৮৩ | ১৩২০ | ১৩৬০ | ১৪০০ | ১৪৫০ | ১৫০০ |
| ৮. ধর্মীয় ব্যক্তিদের (ইমাম ও মুয়াজ্জিন) আত্ম-নির্ভরশীলতায় অনুদান ও ঋণ প্রদান | প্রদানকৃত অর্থ | ৪ | কোটি টাকায় | ৩.৩০ | ৩.৬১ | ৪.৬০ | ৪.৬০ | ৪.৬০ | ৪.৮০ | ৫.০০ |
| | সুবিধাভোগীর সংখ্যা | | সংখ্যা (হাজার জন) | ৫.২০ | ৬.২৫ | ৫.৪০ | ৫.৪০ | ৫.৮০ | ৬.০০ | ৬.২০ |
| ৯. দেশের সকল জেলা ও উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ | মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন | ৩ | সংখ্যা | ৫০ | ৫০ | ১০০ | ১০০ | ১০০ | ৩১৪ | --- |

## ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০১১১২০০ - ইসলামিক ফাউন্ডেশন | ১-৮ | ৫৪,৯৮,০০ | ৬৪,০০,০০ | ৬৩,৩০,০০ | ৭৫,৮৪,০০ | ৮৪,০০,০০ | ৯৫,০০,০০ |
| ১৩১০১১১৪০০ - যাকাত ফান্ড-প্রশাসক | ৬ | ৬৯,৪০ | ১,২৫,০০ | ১,২১,৮৮ | ১,৩১,০০ | ১,৫৫,০০ | ১,৭০,০০ |
| ১৩১০১১১৫০০ - বায়তুল মোকাররম মসজিদ | ৪ | ১,৬৪,০০ | ১,৮০,০০ | ১,৭২,৭৬ | ১,৮৫,০০ | ২,০৫,০০ | ২,৩০,০০ |
| ১৩১০১১১৬০০ - ইমাম প্রশিক্ষণ একাডেমি | ৩,৮ | ১৯,২৪,৩৮ | ২৫,০০,০০ | ২৪,১৮,৫০ | ২৫,৩৮,০০ | ২৮,৮৪,০০ | ৩১,৭২,০০ |
| ১৩২০০৭১০০ - ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট | ৩,৮ | ২,৩১,০০ | ২,৪৫,০০ | ২,৪০,২৫ | ২,৫০,০০ | ২,৮০,০০ | ৩,১০,০০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৩৫০১০৬০০ - ইসলামিক মিশন প্রতিষ্ঠান | ৭ | ২৯,০৫,৬৪ | ৩৩,৩৮,০০ | ৩১,৯৭,২১ | ৩৩,৮৮,০০ | ৩৮,০০,০০ | ৪১,৮০,০০ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **১০৭,৯২,৪২** | **১২৭,৮৮,০০** | **১২৪,৮০,৬০** | **১৪০,৭৬,০০** | **১৫৭,২৪,০০** | **১৭৫,৬২,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১০৭,৯২,৪২** | **১২৭,৮৮,০০** | **১২৪,৮০,৬০** | **১৪০,৭৬,০০** | **১৫৭,২৪,০০** | **১৭৫,৬২,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪১১৬৮০০ - গোপালগঞ্জ ইসলামিক ফাউন্ডেশন কমপ্লেক্স স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প (০১/০৭/২০১৭ - ৩০/০৬/২০২৩) অনুমোদিত | ১-৮ | ৭,৩৭,০০ | ১,০০ | ৫,২৭,০০ | ০ | ০ | ০ |
| ২২৪১২৭৪০০ - প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) (০১/০৪/২০১৭-৩০/০৬/২০২৪) অনুমোদিত | ১-৯ | ৮৪৭,২৭,৭২ | ১২৬৮,৫০,০০ | ২৪৯৮,৬২,০০ | ১৩২৮,১৫,০০ | ১৪৮৯,৭৩,০০ | ১৬৫২,০২,০০ |
| ২২৪৩০৫৭০০ - হাওড় এলাকার জনগণের জীবনমান উন্নয়ন ও জীববৈচিত্র্য সংরক্ষণে ইমামদের মাধ্যমে উদ্বুদ্ধকরণ কার্যক্রম (১ম সংশোধিত) (০১/০৭/২০১৯ - ৩০/০৬/২০২৪) অনুমোদিত | ৩ | ৩,৮৭,০০ | ১১,৮৮,০০ | ১১,৮৮,০০ | ১০,২৮,০০ | ১৫,০০,০০ | ০ |
| ২২৪৩১৩৮০০ - মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) (০১/০১/২০২০-৩১/১২/২০২৪) অনুমোদিত | ১ | ৫৪৭,৮৬,০০ | ৫০০,০০,০০ | ৮৩৪,১৭,০০ | ৬০৫,০০,০০ | ৫৯৪,৬৪,০০ | ৬০০,০০,০০ |
| ২২৪৩২৭৬০০ - * ইসলামিক ফাউন্ডেশনের বিদ্যমান ছাপাখানায় নতুন মেশিনারীজ সংযোজনের মাধ্যমে আধুনিকীকরণ (০১/০৭/২০২০-৩০/০৬/২০২৩) অনুমোদিত | ১-৯ | ৫,০০,০০ | ১৯,৪৫,০০ | ১৮,৩৫,০০ | ৬,০৮,০০ | ০ | ০ |
| ২২৪৩৪১৮০০ - মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-৩য় পর্যায় (০১/০৭/২০২১-৩০/০৬/২০২৪) অনুমোদিত। | ১-৯ | ০ | ১৮,০২,০০ | ১২,৭৮,০০ | ৯,০০,০০ | ১০,০০,০০ | ০ |
| ২২৪৩৬১৯০০ - দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসা স্থাপন ও পরিচালনা (০১/০১/২০২১ - ৩১/১২/২০২৪) অনুমোদিত) | ১-৮ | ০ | ০ | ১০৯,৩৮,০০ | ৫২,৪৪,০০ | ৫৩,০১,০০ | ৫৫,০০,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **১৪১১,৩৭,৭২** | **১৮১৭,৮৬,০০** | **৩৪৯০,৪৫,০০** | **২০১০,৯৫,০০** | **২১৬২,৩৮,০০** | **২৩০৭,০২,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **১৪১১,৩৭,৭২** | **১৮১৭,৮৬,০০** | **৩৪৯০,৪৫,০০** | **২০১০,৯৫,০০** | **২১৬২,৩৮,০০** | **২৩০৭,০২,০০** |
| **মোট :** | | **১৫১৯,৩০,১৪** | **১৯৪৫,৭৪,০০** | **৩৬১৫,২৫,৬০** | **২১৫১,৭১,০০** | **২৩১৯,৬২,০০** | **২৪৮২,৬৪,০০** |

## ৬.৩ হজ অফিসসমূহ (ঢাকা এবং জেদ্দা)

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** পবিত্র হজ পালন করার জন্য সকল হজযাত্রীর ইমিগ্রেশনসহ সকল কার্যক্রম সম্পন্নকরণে হজ অফিস, ঢাকা হতে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়েছে। হজ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করার লক্ষ্যে www.hajj.gov.bd ওয়েবসাইড এর মাধ্যমে হজের যাবতীয় কার্যবলী অত্যন্ত দ্রুত এবং সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। সৌদি ই-হজ সিস্টেমের আওতায় সৌদি দূতাবাস এবং সৌদি হজ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সকল হজযাত্রীর তথ্য ডাটাবেজে সংরক্ষণ ও সংশ্লিষ্ট সংস্থাসমূহকে সরবরাহ করা হয়েছে। হজযাত্রীদের নিজ নিজ এলাকা থেকে অনলাইনে সারা বছর ব্যাপী প্রাক-নিবন্ধনের ব্যবস্থা করা হয়েছে। হজ ক্যাম্পে সার্বক্ষণিক আইটি হেল্প ডেক্স স্থাপন করে নিয়মিত বুলেটিন প্রচারের মাধ্যমে তথ্য আদান-প্রদান করা হয়েছে। সৌদি ই-হজ সিস্টেমের আওতায় অনলাইনে ভিসা লজমেন্ট এবং সেন্ট টু মোফা ফ্লাইট তথ্য, স্বাস্থ্য সনদ প্রাপ্তির তথ্য, প্রশিক্ষণের সময় সূচি অবহিতকরণসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে সকল হজযাত্রীর পাসপোর্টের ভিসা সংগ্রহ করা হয়েছে। আধুনিক তথ্য প্রযুক্তি সমৃদ্ধ KIOSK মেশিনের সাহায্যে সকল হজযাত্রীকে হজ ক্যাম্প, ঢাকা এবং মক্কা ও মদিনায় চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. হজ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং হজযাত্রীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ | হজ সেবা প্রদান | ২ | (সংখ্যা হাজারজন) | ০ | ৬০ | ১৩৭ | ১২৮ | ১৩৮ | ১৩৮ | ১৩৮ |
| | ওমরাহ সেবা প্রদান | | | ১৫০ | ৩৭৪ | ২০০ | ৫৫০ | ৫৬০ | ৫৭০ | ৬০০ |

### ৬.৩.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৩৫০১০২ - হজ্জ অফিসসমূহ | ১ | ১৭,৫৭,২৯ | ২৯,৯২,০০ | ৩৯,০৩,৭৪ | ১২,৫৩,০০ | ১৬,৫২,০০ | ১৫,৪০,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১৭,৫৭,২৯** | **২৯,৯২,০০** | **৩৯,০৩,৭৪** | **১২,৫৩,০০** | **১৬,৫২,০০** | **১৫,৪০,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১৭,৫৭,২৯** | **২৯,৯২,০০** | **৩৯,০৩,৭৪** | **১২,৫৩,০০** | **১৬,৫২,০০** | **১৫,৪০,০০** |
| **মোট :** | | **১৭,৫৭,২৯** | **২৯,৯২,০০** | **৩৯,০৩,৭৪** | **১২,৫৩,০০** | **১৬,৫২,০০** | **১৫,৪০,০০** |

## ৬.৪ বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসন

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন:** ১৯৬২ সালের ওয়াক্‌ফ অধ্যাদেশের ৭১ ধারামতে ওয়াক্‌ফ প্রশাসনে তালিকাভুক্ত ১৬৭৮১ টি ওয়াক্‌ফ এস্টেটের নীট আয়ের শতকরা পাঁচ ভাগ ওয়াক্ফ চাঁদা হিসেবে ধার্য করে বিগত তিন বছরে প্রায় ২৫.১৬ কোটি টাকা আদায় করা হয়েছে এবং একই সময়ে ৩২৮ টি ওয়াক্‌ফ এস্টেট নতুনভাবে তালিকাভুক্ত করা হয়েছে। ওয়াক্‌ফ প্রশাসনে একটি আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। জাতীয় তথ্য বাতায়নে ওয়াক্‌ফ প্রশাসনের ওয়েবসাইট সংযুক্ত করা হয়েছে। বিশ্বের যে কোনো স্থান হতে ওয়াক্‌ফ এস্টেটের তথ্য সংগ্রহ করার নিমিত্ত ওয়াক্‌ফ এস্টেটসমূহের ডাটাবেইজ প্রস্তুত করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ওয়াকফ এস্টেট চিহ্নিতকরণ,তালিকাভূক্তকরণ, রক্ষণা-বেক্ষণ ও ডাটাবেজ প্রস্তুতকরণ | তালিকাবিহীন এস্টেট তালিকাভুক্তিকরণ | ৩ | সংখ্যা | ৬৫ | ১০৫ | ৮৫ | ৭৫ | ১০০ | ১০৫ | ১১০ |
| ২. ওয়াকফ এস্টেটসমূহের কার্যক্রম নিরীক্ষাকরণ | নিরীক্ষাকৃত এস্টেট | ৩ | সংখ্যা হাজার | ২.৪০ | ১.৩০ | ২.৭৪ | ২.৪০ | ২.৮০ | ২.৯০ | ২.৯৫ |
| ৩. অবৈধ দখলদার উচ্ছেদ | উচ্ছেদের সংখ্যা | ৩ | % | ৫৫ | ৬৫ | ৬৩ | ৫৫ | ৭০ | ৭৫ | ৮৫ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩১০১১৩০০ - বাংলাদেশ ওয়াকফ প্রশাসক | ১-৩ | ৭০,০০ | ৮২,০০ | ৮২,০০ | ৮৮,০০ | ৯৭,০০ | ১,০৬,০০ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **৭০,০০** | **৮২,০০** | **৮২,০০** | **৮৮,০০** | **৯৭,০০** | **১,০৬,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৭০,০০** | **৮২,০০** | **৮২,০০** | **৮৮,০০** | **৯৭,০০** | **১,০৬,০০** |
| **মোট :** | | **৭০,০০** | **৮২,০০** | **৮২,০০** | **৮৮,০০** | **৯৭,০০** | **১,০৬,০০** |

## ৬.৫ হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** গত তিন বছরে ৪,০৯১টি হিন্দুধর্মীয় প্রতিষ্ঠানের সংস্কার/মেরামত/উন্নয়ন এবং ২,৬৪৩ জন অসচ্ছল ব্যক্তিকে আর্থিক সহয়তা হিসেবে মোট ১২.৫৫ কোটি টাকা প্রদান করা হয়েছে। হিন্দুদের বৃহত্তম ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজায় আর্থিক সহায়তা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত ৭ (সাত কোটি) টাকা দেশের প্রায় ২৪,০০০ পূজা মন্ডপে বিতরণ করা হয়েছে। জাতীয় ও ধর্মীয় দিবস উদযাপন উপলক্ষে গত ৩ বছরে ২৭৮ টি অনুষ্ঠান করা হয়েছে। মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম- ৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় সারাদেশে ৫০০০টি প্রাক প্রাথমিক শিক্ষাকেন্দ্র, ১০০০ টি ধর্মীয় (গীতাশিক্ষা) শিশু শিক্ষাকেন্দ্র ও ১৪০০ টি ধর্মীয় (গীতাশিক্ষা) বয়স্ক শিক্ষাকেন্দ্রের মাধ্যমে গত তিন বছরে ৫,১৩,৭৫০ জন শিশু এবং বয়স্ক এবং ধর্মীয় জ্ঞান পিপাসুব্যক্তির পাঠদান সম্পন্ন করা হয়েছে। ধর্মীয় ও আর্থ সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পের মাধ্যমে ৮,৮৫০ জন পুরোহিত ও সেবাইতকে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ দেয়া হয়েছে। সমগ্রদেশে সনাতন ধর্মাবলম্বীদের মন্দির ও ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়ন ও সংস্কার শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২,০৯১টি হিন্দুধর্মীয় প্রতিষ্ঠানের সংস্কার/মেরামত/উন্নয়ন কার্যে ২০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান | প্রাক-প্রাথমিক শিক্ষার্থী | ১ | সংখ্যা হাজার | ১৫০ | ১৮০ | ১৫০ | ১৮০ | ১৮০ | ১৮০ | ১৮০ |
| ২. বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপরকণ সরবরাহ করা | উপকারভোগী | ১ | সংখ্যা হাজার | ২২২ | ২২২ | ২২২ | ২২২ | ২২২ | ২২২ | ২২২ |
| ৩. জাতীয় ও ধর্মীয় দিবসে আলোচনা সভা ও প্রার্থনা আয়োজন | আয়োজিত অনুষ্ঠান | ১ | সংখ্যা | ১২৮ | ১৩৭ | ১২৮ | ১৪০ | ১৪০ | ১৪০ | ১৪০ |
| ৪. ধর্মীয় ব্যক্তিদের আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ | প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি | ১ | সংখ্যা হাজার | ০ | ৪২ | ০ | ৪২ | ৪২ | ৪২ | ৪২ |
| ৫. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান | সংস্কারকৃত তালিকাভূক্ত ধর্মীয় প্রতিষ্ঠান | ৪ | সংখ্যা | ১৩০০ | ১৩৫০ | ১৪০০ | ১৪০০ | ১৫০০ | ১৬০০ | ১৭০০ |
| ৬. দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্মনির্ভরশীলতায় অনুদান প্রদান | অনুদানপ্রাপ্ত ব্যক্তি/ছাত্র/ তীর্থ ভ্রমণকারী | ৪ | সংখ্যা | ৪৫০০ | ১১৪০ | ৪৫০০ | ১১৫০ | ১২০০ | ১২৫০ | ১৩০০ |
| ৭. দুর্গা পূজায় আর্থিক সহায়তা প্রদান | অনুদান প্রাপ্ত পূজা মন্ডপসমূহ | ৪ | সংখ্যা হাজার | ৭.৫০ | ৭.০০ | ৮.০০ | ৮.০০ | ৯.০০ | ১০.০০ | ১০.৫০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৮. মন্দির ও ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়ন ও সংস্কার | সংস্কারকৃত মঠ, মন্দির, আশ্রম | ৩ | সংখ্যা | ৯০০ | ৯০০ | ১০০০ | ১০০০ | ২০০ | ৫০০ | ৭০০ |

### ৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত** | | | | | | | |
| ২১৩০০৩৫৬০১ - শ্রী শ্রী ঢাকেশ্বরী জাতীয় মন্দিরে গাড়ী পার্কিংসহ একটি বহুমুখী সেবাকেন্দ্র নির্মাণ (০১/০১/২০২১ - ৩০/০৬/২০২৩) অনুমোদিত | ৮ | ৫১,৯০ | ৩,৪৭,০০ | ৩,৪৭,০০ | ০ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত** | | **৫১,৯০** | **৩,৪৭,০০** | **৩,৪৭,০০** | **০** | **০** | **০** |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪২৮৯৮০০ - সমগ্র দেশে সনাতন ধর্মাবলম্বীদের মন্দির ও ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়ন ও সংস্কার প্রকল্প (২য় সংশোধিত) (০১/০৭/২০১৯ - ৩০/০৬/২০২৪) অনুমোদিত | ৮ | ৬৯,৯৯,৭৫ | ৪৩,৪২,০০ | ৬১,২৮,০০ | ৪৬,০০,০০ | ০ | ০ |
| ২২৪৩৩০৮০০ - * ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প (২য় পর্যায়) (০১/০৭/২০২০-৩০/০৬/২০২৩) অনুমোদিত | ৪ | ১,৯৩,০০ | ২০,০০,০০ | ২৩,০০,০০ | ১০,৭৫,০০ | ০ | ০ |
| ২২৪৩৬১৮০০ - মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (০১/০৭/২০২১ -৩১/১২/২০২৫) অনুমোদিত | ১-২ | ০ | ০ | ১২৪,৬৪,০০ | ৭৮,২২,০০ | ৮০,৫৭,০০ | ৮৩,৭২,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৭১,৯২,৭৫** | **৬৩,৪২,০০** | **২০৮,৯২,০০** | **১৩৪,৯৭,০০** | **৮০,৫৭,০০** | **৮৩,৭২,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৭২,৪৪,৬৫** | **৬৬,৮৯,০০** | **২১২,৩৯,০০** | **১৩৪,৯৭,০০** | **৮০,৫৭,০০** | **৮৩,৭২,০০** |
| **মোট :** | | **৭২,৪৪,৬৫** | **৬৬,৮৯,০০** | **২১২,৩৯,০০** | **১৩৪,৯৭,০০** | **৮০,৫৭,০০** | **৮৩,৭২,০০** |

## ৬.৬ বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

৬.৬.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন বছরে বৌদ্ধ উপসনালয়/বিহার/প্যাগোডা/শ্মশান মেরামত, সংস্কার ও সংরক্ষণের জন্য ৩৬১টি ধর্মীয় প্রতিষ্ঠানে ৮০লক্ষ টাকার এবং ধর্মীয় উৎসব উদযাপনের জন্য ২৯১৪টি ধর্মীয় প্রতিষ্ঠানে ৬কোটি ৫০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। অসুস্থ বৌদ্ধ ভিক্ষু ও অসুস্থ ব্যক্তিদের চিকিৎসার জন্য ২৭ লক্ষ টাকা কল্যাণ অনুদান প্রদান করা হয়েছে। প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথিমিক শিক্ষা প্রকল্পের মাধ্যমে ২০ হাজার বৌদ্ধ শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা প্রদান করা হয়েছে। এছাড়া প্রকল্প গ্রহণের ফলে তৃণমুল পর্যায়ে ৩০০জন বৌদ্ধ ধর্মাবলম্বী মহিলা ও পুরুষের কর্মসংস্থান হয়েছে।

### ৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান | প্রাক প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা অর্জন শিক্ষার্থী | ১ | সংখ্যা (জন) | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ |
| ২. বিনামূল্যে পাঠ্যপুস্তক/ শিক্ষা উপকরণ বিতরণ | শিক্ষার্থী উপকারভোগী | ১ | সংখ্যা (সেট) | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩. বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে মেরামত ও সংস্কারের জন্য অনুদান প্রদান | অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা | ৩ | সংখ্যা | ২৮৫ | ২৮ | ২৯০ | ২৯ | ৩০ | ৩১ | ৩১ |

### ৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩৫০১০৮০০ - বৌদ্ধ কল্যাণ ট্রাস্ট | ১-৩ | ১,০০,০০ | ১,১৬,০০ | ১,১১,১৯ | ১,৬২,০০ | ১,৩৯,০০ | ১,৫৩,০০ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **১,০০,০০** | **১,১৬,০০** | **১,১১,১৯** | **১,৬২,০০** | **১,৩৯,০০** | **১,৫৩,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১,০০,০০** | **১,১৬,০০** | **১,১১,১৯** | **১,৬২,০০** | **১,৩৯,০০** | **১,৫৩,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪৩৭০৮০০ - প্যাগোডাভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৩য় পর্যায় (০১/০৭/২০২২ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ১-৩ | ০ | ০ | ৫,০০,০০ | ৫,১৭,০০ | ৫,১২,০০ | ৫,২০,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **০** | **০** | **৫,০০,০০** | **৫,১৭,০০** | **৫,১২,০০** | **৫,২০,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **০** | **০** | **৫,০০,০০** | **৫,১৭,০০** | **৫,১২,০০** | **৫,২০,০০** |
| **মোট :** | | **১,০০,০০** | **১,১৬,০০** | **৬,১১,১৯** | **৬,৭৯,০০** | **৬,৫১,০০** | **৬,৭৩,০০** |

## ৬.৭ খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

৬.৭.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন বছরে ৭৪৫ টি চার্চ/গীর্জা/উপাসনালয় নির্মাণ, সংস্কার, মেরামত, সংরক্ষণ ও কবরস্থান সংস্কার এবং ধর্মীয় উৎসব উদযাপনের জন্য সর্বমোট ৩ কোটি ৭৯ লক্ষ ৭৫ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। ধর্মীয় নেতৃবৃন্দের দক্ষতা বৃদ্ধি বিষয়ক ০২টি এবং ছাত্র-যুবকদের জন্য নীতি-নৈতিকতা বিষয়ক ০৪টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। এতে মোট ৩০২ জন পালক-পুরোহিত ও ৬৬১ জন ছাত্র-যুবক অংশগ্রহণ করেছেন। এছাড়াও সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা ও সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ধর্মীয় ও সামাজিক নেতৃবৃন্দের অংশগ্রহণে ০৫ টি সভা-সভাবেশের আয়োজন করা হয়। এতে ৩২৫ জন ধর্মীয় ও সামাজিক নেতৃবৃন্দ অংশগ্রহণ করেছেন।

### ৬.৭.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান/গীর্জা/ উপাসনালয়/কবরস্থান সংস্কার/ মেরামত ও সংরক্ষণ | অনুদানপ্রাপ্ত চার্চ/গীর্জা/ উপাসনালয় | ৩ | সংখ্যা | ১২৫ | ১২৫ | ১৩০ | ১৩০ | ১৩৫ | ১৪০ | ১৪৫ |
| ২. ধর্মীয় নেতৃবৃন্দ/পালক-পুরোহিতগণের দক্ষতা বৃদ্ধি ও ছাত্র-যুবকদের নীতি-নৈতিকতা বিষয়ক প্রশিক্ষণ | প্রশিক্ষণ প্রাপ্ত খ্রিস্টান পালক/ পুরোহিত/ ছাত্র-যুবক | ১ | প্রশিক্ষণার্থীর সংখ্যা (জন) | ৪৩০ | ৪৩০ | ৪৬০ | ৪৫০ | ৪৬৫ | ৪৮০ | ৫০০ |

## ৬.৭.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সহায়তা কার্যক্রম** | | | | | | | |
| ১৩৫০১০৭০০ - খ্রীষ্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ১-২ | ৭০,০০ | ১,০০,০০ | ৯৫,৬০ | ১,০৫,০০ | ১,১৬,০০ | ১,২৭,০০ |
| **মোট : সহায়তা কার্যক্রম** | | **৭০,০০** | **১,০০,০০** | **৯৫,৬০** | **১,০৫,০০** | **১,১৬,০০** | **১,২৭,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৭০,০০** | **১,০০,০০** | **৯৫,৬০** | **১,০৫,০০** | **১,১৬,০০** | **১,২৭,০০** |
| **মোট :** | | **৭০,০০** | **১,০০,০০** | **৯৫,৬০** | **১,০৫,০০** | **১,১৬,০০** | **১,২৭,০০** |